

# নির্বাচন উপলক্ষে সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য জন্ম জন্ম নির্দেশনা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৯:২৫, ৭ ফেব্রুয়ারি ২০২৬



আসন্ন ব্রহ্মদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য নতুন নির্দেশনা জারি করা হয়েছে। যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে, সেসব প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা নির্বাচন কার্যক্রমে সার্বিকভাবে সহযোগিতা করবেন। অন্যদিকে, যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে ভোটকেন্দ্র নেই, সেগুলোতে সাময়িকভাবে পাঠদান কার্যক্রম বন্ধ থাকবে।

শনিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) একজন কর্মকর্তা গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নির্বাচন উপলক্ষে আগেই শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় নির্দেশনা পাঠানো হয়েছে। ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের সুষ্ঠু ভোট পরিচালনায় সহায়তার নির্দেশ দেওয়া হয়েছে।

এছাড়া আগামী ১১ ফেব্রুয়ারি থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি কার্য্যকর হবে বলেও জানান তিনি।

এর আগে, গত ১৫ জানুয়ারি মাউশি থেকে একটি নির্দেশনা জারি করে জানানো হয়, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট শেষ না হওয়া পর্যন্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে বা পেশাজীবী সংগঠনে নির্বাচন আয়োজন করা যাবে না। ওই চিঠিতে বলা হয়, আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত দেশে অবস্থিত যেকোনো পেশাজীবী বা অন্যান্য সংগঠনের নির্বাচন স্থগিত রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।

